



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।



তারিখ : ০৮/১০/২০২৩

বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৩/--৯৯৮----

এতদ্বারা অত্র কলেজের ২০২১-২২ শিক্ষাবর্ষের (নিয়মিত), অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন ডিগ্রী পাস কোর্সের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ ফরম পূরণের তারিখ, ফিসের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

ফরম পূরণের সময়সূচি

বিভাগ	ফরম পূরণের তারিখ	জমার স্থান ও সময়
বিএ	১৫/১০/২০২৩ থেকে ২৬/১০/২০২৩	ইতিহাস বিভাগ সকাল ১০টা হতে বেলা-২.০০টা পর্যন্ত
বিএসএস		
বিবিএস/বিএসসি		

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
১.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি	৮০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নির্বাচনী পরীক্ষার ফি	৩৫০.০০
৪.	ব্যবস্থাপনা ফি	৫০.০০
	মোট=	১৬৫০.০০

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুলে মোট ৫০০০/- ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা জমার বিবরণী :

১। জাতীয় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য পাওনাদি ১৬৫০.০০ (এক হাজার ছয়শত পঞ্চাশ) টাকা।

নিয়মিত ছাত্রছাত্রীদের রূপালী ব্যাংক শিওর ক্যাশে (Keyword:GSSCBD) টাকা জমার বিবরণীঃ

রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা পেমেন্ট পদ্ধতি:

মোবাইল হ্যান্ডসেট থেকে *495# → Payment → Keyword → Registration No → PinNo → Send

নির্দেশনা :

১. নিয়মিত পরীক্ষার্থীদেরকে রূপালী ব্যাংক শিওর ক্যাশের মাধ্যমে উল্লিখিত পরিমাণ টাকা (প্রযোজ্যক্ষেত্রে) জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) থেকে আবেদন পত্র ডাউনলোড করে রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা জমা দেওয়ার ট্রানজেকশন আইডি আবেদন ফরমের উপর লিখে রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি সংযুক্ত করে আবেদন ফরম ইংরেজি বিভাগে জমা দিতে হবে।

২. অনিয়মিত / গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে কলেজের ক্যাশ কাউন্টারে টাকা জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) থেকে আবেদনপত্র ডাউনলোড করে ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লিখিত টাকার সঙ্গে ৫০০/- (কেন্দ্র ফি ৪৫০/- ও ব্যবস্থাপনা ফি ৫০/-) যোগ করে মোট টাকা ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে। আবেদন ফরমের সঙ্গে রেজিস্ট্রেশন কার্ড, ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষার প্রবেশপত্র, ফলাফল শিটের প্রত্যেকটির ১টি ফটোকপি সংযুক্ত করে ইংরেজি বিভাগে জমা দেওয়ার জন্য বলা হলো।

প্রতিস্থাপক
০৮/১০/২০২৩
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

সরকারি শাহ সুলতান কলেজ

অবগতির জন্য কপি প্রেরিত হলোঃ

- উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- আহ্বায়ক, ২০২২ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ ফরম পূরণ কমিটি।
- প্রধান সহকারী, হিসাবরক্ষক ও ক্যাশিয়ার অত্র কলেজ।
- কলেজ ওয়েবসাইট।
- সংরক্ষণ নথি।

আহ্বায়ক
০৮/১০/২০২৩

ডিগ্রী পাস কোর্স ১ম ও ২য় ইনকোর্স পরীক্ষা ও
২০২২ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ ফরম পূরণ কমিটি
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।